JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

টাইমস আপ (TIME'S UP) আন্দোলনের নেতাদের সাথে যোগদান করে গভর্নর কুওমো, দ্বিতীয় ও তৃতীয় ডিগ্রীতে ধর্ষণ সংক্রান্ত সংবিধানকে প্রসারিত করার আইনে স্বাক্ষর করেছেন

দ্বিতীয় ডিগ্রী ধর্ষণের জন্য 20 বছর এবং তৃতীয় ডিগ্রী ধর্ষণের জন্য 10 বছরের জন্য সাংবিধানিক সীমাবদ্ধতাকে প্রসারিত করেন পূর্বের আইন অনুসারে 5 বছরের পরিবর্তে

বিচার চাইতে ধর্ষণের শিকার ব্যক্তিদের আরো সময় প্রদান করে

গভর্নরের "উওমেন্স জাস্টিস এজেন্ডা: দ্য টাইম ইস নাউ" (Women's Justice Agenda: The Time is Now) প্রচারাভিযানের মূল অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, টাইমস আপ আন্দোলন এবং NOW NYC-র নেতাদের সাথে যুক্ত হয়ে আজ আইন (S.6574/A.8412) স্বাক্ষর করেছেন যা দ্বিতীয় ডিগ্রী ধর্ষণের জন্য 20 বছর এবং তৃতীয় ডিগ্রী ধর্ষণের জন্য 10 বছর পর্যন্ত সাংবিধানিক সীমাবদ্ধতার পরিসিমা প্রসারিত করে। এই আইন দ্বিতীয় ডিগ্রীর একটি অপরাধমূলক যৌন ক্রিয়ার সাংবিধানিক সীমাবদ্ধতাকে 20 বছর পর্যন্ত প্রসারিত করে, এবং তৃতীয় ডিগ্রীর একটি অপরাধমূলক যৌন ক্রিয়ার জন্য 10 বছর অবধি। এই আইনটি প্রথম ডিগ্রীর অজাচারের জন্য সাংবিধানিক সীমাবদ্ধতা নির্মূল করেছে এবং এই সব অপরাধের জন্য দেওয়ানি মামলা দায়ের করার সময়কাল বাড়িয়ে 20 বছর করেছে। এই নতুন আইনের আগে, আক্রান্তদের দ্বিতীয় ডিগ্রী বা তৃতীয় ডিগ্রীর ধর্ষণ বা দ্বিতীয় বা তৃতীয় ডিগ্রীর একটি অপরাধমূলক যৌন ক্রিয়ার জন্য আইনি মামলা করার উদ্দেশ্যে মাত্র পাঁচ বছর সময় হাতে থাকত। সব মিলিয়ে এর ফলে ক্ষতিগ্রস্তদের বিচার লাভের আরও বড় সুযোগ মিলবে।

"আমাদের সমাজে যৌন হয়রানি ও নির্যাতনের একটি চলমান ও পরিব্যাপ্ত সংস্কৃতি আছে, এবং পরিস্থিতি আরো সঙ্গিন হয়ে দাঁড়িয়েছে এই কারণে যে যে দ্বিতীয় এবং তৃতীয় ডিগ্রী ধর্ষণের শিকাররা তাদের হামলাকারীর বিরুদ্ধে আইনগত দাবী আনার জন্য মাত্র পাঁচ বছর সময় পান। পাঁচ বছর এই ভুক্তভোগীদের অপমান এবং আজ আমরা তাদের আরো বেশি সময় দিচ্ছি তাদের মানসিক বিপর্যয়ের অভিজ্ঞতা সামলে উঠতে এবং ন্যায়বিচার চাইতে", **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন আইন বহুকাল ধরে চলে আসা অন্যায়টি বোঝে এবং এই যন্ত্রণা ভোগ করা সকল নারীদের সম্মান প্রদান করে এবং তাদের কাহিনী ব্যক্ত করার সাহস ছিল এমন সব সমর্থনকারীদেরও, যাতে অন্য নারীরা এই যন্ত্রণা থেকে রক্ষা পেতে পারেন।"

"আমাদের উওমেন্স জাস্টিস এজেন্ডার এক গুরুত্বপূর্ণ অংশ হিসেবে এবং টাইমস আপের সাথে অংশীদারিত্বে, এই পদক্ষেপ নিউ ইয়র্কবাসীদের বিচার পেতে সক্ষম করবে এবং আরো বেশি ধর্ষণকারীদের দায়বদ্ধ করা নিশ্চিত করতে সাহায্য করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্কে আমরা সংস্কৃতি পরিবর্তন করতে অঙ্গিকারবদ্ধ, যৌন হয়রানি মোকাবেলায় এবং নারীদের সহিংসতার বিরুদ্ধে রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। ধর্ষণের জন্য সীমাবদ্ধতার সংবিধান বাড়ানো আমাদের রাজ্য জুড়ে আক্রান্তদের জন্য একটি উল্লেখযোগ্য পদক্ষেপ।"

যদি তারা দায়িত্ব নিতে চায় তবে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কতদূর অবধি এগিয়ে যেতে সক্ষম সেই সম্পর্কে ধর্ষণের মামলার বিধিবদ্ধ সীমাবদ্ধতাগুলি একটি টিকটিক করা ঘড়ি চাপিয়ে দেয়। গত বছর জুড়ে, যারা কয়েক দশক ধরে নীরবভাবে নির্যাতনের শিকার হয়েছেন তারা সাহসীভাবে তাদের নির্যাতনের কথা বলেছেন, এবং সময়ের ব্যবধানের জন্য তাদের নির্যাতনকারীদের বিরুদ্ধে আদালতে অভিযুক্ত করার ক্ষেত্রে রাষ্ট্রের সীমিত ক্ষমতাকে নগ্নভাবে প্রকাশ করে দিয়েছেন। এই সব ভুক্তভোগীরা নীরবতার সংস্কৃতিকেও বদলে দিয়েছে, অন্য ভুক্তভোগীদের ক্ষমতায়ন করেছে তাদের নির্যাতনকারীদের বিরুদ্ধে কথা বলার জন্য এবং তাদের এগিয়ে আসার জন্য একটি প্লাটফর্ম প্রদান করেছে। এই সত্যের স্বীকৃতিস্বরুপ, দেশ জুড়ে যৌন হিংসাজনিত অপরাধের উপর সীমাবদ্ধতার বিধিনিষেধগুলি বর্ধিত বা নির্মূল করা হয়।

গভর্নর প্রথমে 2019 উওমেন্স জাস্টিস এজেন্ডার অংশ হিসেবে এই ব্যাপক সংস্কারের প্রস্তাব করেন; তিনি আর্থিক বর্ষ 2020-এর বাজেটে আবার এ প্রস্তাব করেন। সংসদ কর্তৃক এই উদ্যোগ গ্রহণ করা হয়নি এবং বিধানসভা অধিবেশনে 11 দিন অবশিষ্ট থাকা অবস্থায় গভর্নর "উওমেন্স জাস্টিস এজেন্ডা: দ্য টাইম ইজ নাউ" প্রচারাভিযান শুরু করেন, বিধানসভায় দ্বিতীয় ও তৃতীয় ডিগ্রী ধর্ষণের জন্য সীমাবদ্ধতার সংবিধান প্রসারিত করার আহ্বান জানিয়ে।

নিউ ইয়র্ক যৌন হয়রানির বিরুদ্ধে লড়াইয়ে দেশে অনেক এগিয়ে এবং এ বছর গভর্নর কুওমো রাজ্যের জাতির নেতৃস্থানীয় সমন্বিত যৌন হয়রানি প্যাকেজ নির্মাণের জন্য নতুন কর্মস্থলে হয়রানি সুরক্ষা আইন প্রণয়ন করেছেন। আগস্টে, আগভর্নর আইনে স্বাক্ষর করেন যা নিউ ইয়র্কের বৈষম্যবিরোধী আইনকে শক্তিশালী করে যাতে কর্মীরা ন্যায়বিচার পেতে পারে এবং আইনগতভাবে কার্যকর করার জন্য হয়রানির "গুরুতর বা পরিব্যাপ্ত" বিধি নিষেধ দূর করার মাধ্যমে অপরাধীদের দায়বদ্ধ করা নিশ্চিত করে; এটি বাধ্যতামূলক করে যে সকল নন-ডিসক্লোজার এগ্রিমেন্ট কর্মীদের হয়রানি বা বৈষম্যের অভিযোগ দায়ের করার অনুমতি দেয়; এবং কর্মসংস্থানে যৌন হয়রানি দায়ের করার দাবির সীমাবদ্ধতার সংবিধি প্রসারিত করে এক বছর থেকে তিন বছর পর্যন্ত করা হয়।

সেনেটর আলেসান্দ্রা বিয়াগি বলেছেন, "যৌন নিপীড়ন সহ্য করে নীরব থাকার নিজের অভিজ্ঞতা থেকে বলতে গেলে, একজন ব্যক্তির জন্য এগিয়ে আসতে এবং তাদের অপরাধীর বিরুদ্ধে ন্যায়বিচার অনুসরণ করার জন্য প্রস্তুত বোধ করতে কয়েক দশক সময় লাগতে পারে। ধর্ষণ, যৌন অপরাধমূলক কাজ এবং অজাচারের নির্দিষ্ট কিছু অপরাধের জন্য সীমাবদ্ধতার সংবিধান প্রসারিত করে নিউ ইয়র্ক রাজ্য এমন পদ্ধতি অবলম্বন করছে যা যৌন সহিংসতার ভুক্তভোগীদের অনুমতি দেয় তাদের নিজস্ব সুবিধা মত রিপোর্ট করতে। আমি গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং সিনেটের

সংখ্যাগরিষ্ঠ নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন্স কে ধন্যবাদ জানাই এই আইনটির প্রণয়ন বাস্তবায়িত করার অঙ্গীকারের জন্য। এটা গুরুত্বপূর্ণ যে আমরা এমন আইন প্রণয়ন করতে থাকি যা দোষীদের দায়বদ্ধ করে, এবং ভুক্তভোগীদের নিরাপত্তা এবং সুস্থতাকে অগ্রাধিকার প্রদান করে।"

অ্যাসেম্বলি সদস্য আরাভেল্লা সিমোতাস বলেন, "আমাদের সংস্কৃতি মানুষকে ধর্ষণ না করার শিক্ষা দেওয়ার বদলে ধর্ষিত না হতে শেখায়। আমাদের আইন হালনাগাদ করার মাধ্যমে আমরা একটি শক্তিশালী বার্তা পাঠাচ্ছি যে ভুক্তভোগীরা গুরুত্বপূর্ণ, তাদের কাহিনী গুরুত্বপূর্ণ এবং নিউইয়র্ক কাউকে ন্যায়বিচারের সুযোগ অস্বীকার করবে না। আমি গর্বিত যে অবশেষে আমরা তাদের মানসিক আঘাত প্রক্রিয়া করার জন্য একটি পর্যাপ্ত সময় ভুক্তভোগীদের প্রদান করছি। আমি গভর্নর কুওমো, সিনেটর বিয়াগি, টাইমস আপ এর অধিবক্তাদের এবং বিধানসভায় আমার সহযোগীদের ধন্যবাদ জানাই এই সংস্কারগুলো অগ্রাধিকারের গুরুত্বপূর্ণতা বোঝার জন্য।"

বিনোদন ইন্ডাস্ট্রির 300 জন মহিলার মধ্যে একজন জুলিয়্যান মুর যিনি 2017 সালে টাইম আপ শুরু করতে সাহায্য করেন, বলেন "এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিলটি পাস করার জন্য গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক রাজ্যের আইনসভা কে অনেক ধন্যবাদ। আমি নিউ ইয়র্কের বাসিন্দা হয়ে গর্বিত এবং কৃতজ্ঞ যে, এত ভুক্তভোগীদের অনেকেই তাদের প্রাপ্য বিচার পাবেন।"

এই বিলের সমর্থন করতে টাইমস আপ এর নেতা লেসলি সিলভা, কারমেন লোবু এবং রবি কালান সহ অ্যাল্বানিতে ভ্রমণ করা মীরা সোভিনো বলেন, "এই বিলের সাক্ষর এক যুগান্তকারী মুহূর্ত, ধর্ষণ সংস্কৃতির বিরুদ্ধে লড়াইয়ে এক প্রকৃত পদক্ষেপ, শুধু নিউ ইয়র্কে নয়, সারা দেশে। এই কারণে এখন বেশি ভুক্তভোগীরা আদালতে তাদের ন্যায়সঙ্গত দিন এবং ন্যায়বিচারের সুযোগ পাবেন।"

অভিনেত্রী ও টাইমস আপ এর কর্মী মিশেল হার্ড বলেন, "আজ, গভর্নর কুওমো এবং রাজ্যের নেতারা একটি ঐতিহাসিক পদক্ষেপ নিচ্ছেন, এই আইনে যা ভুল আছে তা সঠিক করতে এবং নিউ ইয়র্কে অগণিত ভুক্তভোগীদের প্রাপ্য ন্যায়বিচার নিশ্চিত করতে। এখন আর নিউ ইয়র্ক স্টেটে ধর্ষণ ভুক্তভোগীদের ন্যায় বিচারের জন্য অন্যায্য মেয়াদ উত্তির্ণের তারিখ থাকবে না।"

নিউ ইয়র্কের ন্যাশনাল অর্গানাইজেশন ফর উইমেনের (National Organization for Women, NOW) সভাপতি সোনিয়া ওস্রিও বলেন, "ধর্ষণ একটি অপরাধ যা আমাদের সমাজের মূল্যবোধ নষ্ট করে এবং আজ নিউ ইয়র্ক বলছে যে আমাদের প্রত্যেকের ন্যায়বিচার লাভের অধিকার আছে। এটি নিউ ইয়র্কের নারী, পুরুষ ও পরিবারদের জন্য একটি অসাধারণ জয়। আমরা এই গুরুত্বপূর্ণ বিষয়ে তার নেতৃত্বের জন্য এবং ভুক্ত্যভোগীদের সাথে একাত্মতাবোধ প্রকাশের জন্য গভর্নর কুওমো কে সাধুবাদ জানাই।"

টাইমস আপ এর প্রধান কৌশল ও নীতি কর্মকর্তা জেনিফার ক্লেইন বলেন, "গভর্নরের এই গুরুত্বপূর্ণ বিলটি আইনে স্বাক্ষর করা প্রত্যক্ষ করতে পেরে আমি গর্বিত। আমরা আশা করছি এই বিল ভবিস্যতে ব্যবস্থার অনুপ্রেরণা যোগায় সব ধরনের নারীদের জন্য নিরাপদ, সুষ্ঠু ও সম্মানজনক কাজ নিশ্চিত করার জন্য।"

নিউ ইয়র্কে টাইমস আপ-এর নেটওয়ার্কের একজন সক্রিয় সদস্য, আলেসিয়া রেনার বলেন, "নারীদের একত্র হওয়ার ক্ষমতা এবং একে অপরের পক্ষে সোচ্চার হওয়া প্রত্যক্ষ করে আমি আজ এখানে উপস্থিত থাকার জন্য খুবই কৃতজ্ঞ। টাইমস আপের শুরু থেকে, আমাদের নিয়মতান্ত্রিক আইনগত এবং সরকার পরিবর্তন ভুক্তভোগীদের ও ভবিষ্যতে যৌন হিংস্রতা ও হয়রানির শিকারদের সুরক্ষার লক্ষ্য ছিল এবং আজ এটা ঘটতে দেখা গভীরভাবে ফলপ্রসূ।"

টাইমস আপ লিগ্যাল ডিফেন্স ফান্ডের সহ-প্রতিষ্ঠাতা রবি কাপলান বলেন, "এই বিল স্বাক্ষরটি হিমবাহের অগ্রভাগ মাত্র। বিগত দুই বছরে, আমরা ন্যায় ও ন্যায়বিচারের জন্য একটি শক্তিশালী ও অপ্রতিরোধ্য আন্দোলন গড়ে তুলেছি। পিছনে ফেরার কোন কোনও অবকাশ নেই। সঙ্গে থাকুন।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন